



avg t_#K cj `vi weRqx Avāj gj³w i, e'e`vcbv cwi Pij K, BbttmPv dvgfmmDwUK`ij`ij t, tmuj bv Kv` i, tclcvBUI, GtM0 Kbmvb,®mÅxe tgnZv, tPqvi g`ib l e'e`vcbv cwi Pij K, BDubij firi evsj it`k ij t Ges Kivr Rvfn`j nvmib, e'e`vcbv cwi Pij K, Kivr dvgf m0c

ডিএইচএল-ডেইলি স্টার

বিজনেস অ্যাওয়ার্ড ২০০৪

বার্গাচ্য আয়োজনের মধ্য দিয়ে গত ১৮ মার্চ শুক্রবার প্রদান করা হলো বাংলাদেশ বিজনেস অ্যাওয়ার্ড। ডিএইচএল ও ডি ডেইলি স্টারের উদ্যোগে পঞ্চম বছরের মতো এই অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠিত হয়। মোট চারটি ক্যাটাগরিতে এবার পুরস্কার দেয়া হয়। এতে বছরের সেরা উদ্যোক্তার পুরস্কার পেয়েছে ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস লিমিটেড, সফল নয়া ব্যবসায়ী হিসেবে এছোকনসার্নের মালিক সেলিনা কাদের, সেরা ব্যবসায়ী ব্যক্তিত্ব হিসেবে কাজী ফার্মস গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক কাজী জাহেদুল হাসান এবং বিশেষ পুরস্কার পায় ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড।

রাজধানীর সোনারগাঁও হোটেলে আয়োজিত এক অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার আনোয়ার চৌধুরী সেরা উদ্যোক্তার, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রোকিয়া এ রহমান সেরা নারী ব্যবসায়ী ব্যক্তিত্বের, বাংলাদেশে মার্কিন রাষ্ট্রদূত হ্যারি কে টমাস জুনিয়র বিশেষ পুরস্কারপ্রাপ্তের এবং ক্ষয়ার গ্রুপের চেয়ারম্যান স্যামসন এইচ চৌধুরী সেরা ব্যবসায়িক ব্যক্তিত্বের নাম ঘোষণা করেন।

ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম ও ডিএইচ এলের কান্দি ম্যানেজার ডেসমন্ড কুইয়া পুরস্কারপ্রাপ্তদের হাতে পুরস্কার তুলে দেন। ইনসেপ্টা ফার্মাসিউটিক্যাল লিমিটেডের



weRqx` i cj `vi w` t`Ob tWBij ÷vi-Gi m=ur` K gmdR Avbig



ব্যবস্থাপনা পরিচালক আবদুল মুক্তাদির সেরা উদ্যোক্তা, সেরা নারী ব্যবসায়িক ব্যক্তিত্ব হিসেবে পুরস্কার গ্রহণ করেন সেলিনা কাদের, সেরা ব্যবসায়িক ব্যক্তিত্ব কাজী জাহেদুল হাসান এবং ইউনিলিভার বাংলাদেশ লিমিটেডের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক সঞ্জীব মেহতা বিশেষ পুরস্কার গ্রহণ করেন।

অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্যে ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম বলেন, যেসব ব্যবসায়িক প্রতিষ্ঠান ও ব্যবসায়ী ব্যক্তিত্ব কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি সামাজিক দায়িত্ব পালনের মাধ্যমে দেশের অর্থনীতির উন্নয়নে সহায়তা করছেন, তাদের কাজের স্বীকৃতি হিসেবে ডিএইচএল ও ডেইলি স্টার যৌথভাবে এ পুরস্কার দেয়। বিভিন্ন সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও দেশীয় পণ্যকে বাংলাদেশী পণ্য হিসেবে বিশ্বে পরিচিত করানোর জন্য তিনি উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান।

ডিএইচএলের কান্দি ম্যানেজার ডেসমন্ড কুইয়া বলেন, সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ডিএইচএল বিভিন্ন দেশের নানা ধরনের কর্মকাণ্ড করে থাকে। অন্যান্য দেশের মতো সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ডিএইচএল এ ধরনের পুরস্কার দিচ্ছে।

উল্লেখ্য, ডিএইচএল ও ডেইলি স্টার প্রদত্ত বাংলাদেশ বিজনেস অ্যাওয়ার্ডের পঞ্চম বর্ষপূর্তি হলো। ২০০০ সালে প্রথম এই পুরস্কার চালু করা হয়।